

ভিজিডি অর্ন্তভুক্তির সত্তাবলী


- ১। বয়সসীমা ২০-৫০ বছরের মধ্যে হতে হবে।
- ২। জাতীয় পরিচয়পত্র বাধ্যতামূলক।
- ৩। প্রকৃত অর্থে ভূমিহীন অর্থাৎ খানা বা পরিবারের কোন জমি নেই অথবা নিজ মালিকানার বসত ভিটাও চাষযোগ্য মোট জমির পরিমাণ ০.১৫ একর (১৫ শতাংশ) অথবা কম। ভূমিহীন যে সব পরিবারের মহিলা দুঃস্থ ও অসহায় এবং যাদের অন্য কোন স্থায়ী/নিয়মিত আয়ের উৎস নেই।
- ৪। যে পরিবার দৈনিক দিনমজুর হিসেবে জীবিকা নির্বাহ করে, বিশেষভাবে কৃষিক্ষেত্রে দিনমজুর হিসেবে কাজ করে সে পরিবার অগ্রাধিকার পাবে।
- ৫। যে সব দরিদ্র পরিবারে শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত কিশোরী আছে সে সকল পরিবারের 'মা' অগ্রাধিকার পাবে কিশোরীরা নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানে যাবে, বাল্য বিবাহ করবে না এবং কোন ঝুঁকিপূর্ণ কাজে যুক্ত থাকবে না মর্মে অঙ্গীকারবদ্ধ হতে হবে।
- ৬। যে পরিবারের ঘরের দেয়াল মাটির/পাটকাঠি বা বাঁশের তৈরী, সে পরিবার অগ্রাধিকার পাবে।
- ৭। যে সব দরিদ্র পরিবারে অটিজম/প্রতিবন্ধী সদস্য আছে, সে সব পরিবার ভিজিডি উপকারভোগী নির্বাচনে অগ্রাধিকার পাবে।
- ৮। যে পরিবারে বিদ্যুৎ সংযোগ নেই, সে পরিবার অগ্রাধিকার পাবে।

অর্ন্তভুক্তির অযোগ্যতাঃ

- ১। বয়স ২০ বছরের নিচে এবং ৫০ বছরের উপরে।
- ২। সরকারের চলমান অন্য কোন সামাজিক নিরাপত্তা কর্মসূচি/প্রকল্পের উপকারভোগী।
- ৩। ২০১৭-২০১৮ এবং ২০১৯-২০২০ চক্রে ভিজিডি কার্ডধারী ছিলেন।

আবেদন ফরম প্রাপ্তি স্থানঃ

সংশ্লিষ্ট ইউনিয়ন ওয়ার্ড কমিটির মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম(ছক-১) এনজিও প্রতিনিধি/ ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র ও তথ্য আপার মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। প্রাথমিক আবেদন ফরম(ছক-১) ইউনিয়ন ভিজিডি কমিটিতে জমা দিতে হবে। আবেদন ফরম প্রাপ্তি স্থান ওয়ার্ড কমিটি এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ।



১৫/১০/২০

(মোঃ আফছার আলী মন্ডল)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

চাটমোহর, পাবনা।